



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৩৫৩

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

বিষয়: ঢাকা মহানগরীর টি এন্ড টি মহিলা কলেজের অধ্যক্ষ ড. মো: মহসিন হোসেন এর এম.পি.ও কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না এ বিষয়ে ব্যাখ্যা দাখিলকরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.১২৫ তারিখ : ০২.০৯.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর টি এন্ড টি মহিলা কলেজের অধ্যক্ষ ড. মো: মহসিন হোসেন ভূয়া ইনডেক্স নম্বর ব্যবহার করে এমপিওভুক্ত হওয়ায় মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকপত্রে তার এমপিও স্থগিত করে স্থায়ীভাবে বাতিল করার ব্যবস্থা গ্রহণের জন্য মাউশি কে নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর/২০২০ মাসের এমপিও তে স্থগিতকরণ করা হয়।

ঢাকা আঞ্চলিক উপপরিচালক এর কার্যালয়ের স্মারক নং মাউশি/ঢাঅ/১২৭৯ এ তারিখ : ১৭/০২/২০২০ খ্রি. মোতাবেক জানা যায়, ঢাকা মহানগরীর গুলশান থানাধীন টি এন্ড টি মহিলা কলেজের অধ্যক্ষ ড. মো: মহসীন হোসেন ভূয়া ইনডেক্স নম্বর-৩০০০৫২৪ ব্যবহার করে নভেম্বর/২০১৯ মাসে এমপিওভুক্ত হয়েছেন। প্রকৃতপক্ষে অধ্যক্ষ পদে এমপিওভুক্তির পূর্বে তার কোন ইনডেক্স নম্বর ছিল না। ড. মো: মহসীন হোসেন এমপিও বিহীন অবস্থায় ফরিদপুর সিটি কলেজ, ফরিদপুরে ০৭(সাত) বছর চাকুরি করেছেন। তিনি ক্যামব্রিয়ান কলেজ, ঢাকায় এমপিও বিহীন অবস্থায় ০৫ বছর চাকুরি করেছেন। ড. মো: মহসীন হোসেন মিথ্যা তথ্য প্রদর্শন করে ৫ কোডে অধ্যক্ষ পদে এমপিওভুক্ত হয়েছেন।

এমতাবস্থায়, মিথ্যা তথ্য প্রদান করে এবং ভূয়া ইনডেক্স ব্যবহার করে এমপিওভুক্ত হওয়ায় কেন আপনার এম.পি.ও স্থায়ীভাবে বাতিল করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১-১০-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

ড. মো: মহসিন হোসেন, অধ্যক্ষ, টি এন্ড টি মহিলা কলেজ,
গুলশান, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৩৫৩/১(৪)


তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা
- ২) সভাপতি, গভর্নিং বডি, টি এন্ড টি মহিলা কলেজ, গুলশাল, ঢাকা

- ৩) কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪) সংরক্ষণ নথি।



১-১০-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক